অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্নোমোবাইল ট্রেইল মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য 4.2 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের ঘোষণা দিয়েছেন

বিনামূল্যের স্নোমোবাইল সপ্তাহান্ত শুরু হবে 25-27 জানুয়ারি

প্রচারণামূলক সপ্তাহান্তের জন্য স্টেটের বাইরের স্নোমোবাইলারদের জন্য নিবন্ধন ফি মওকুফ করা হয়েছে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্নোমোবাইল ট্রেইল মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য 4.2 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের ঘোষণা দিয়েছেন এবং 25-27 জানুয়ারিরছুটির দিনকে স্টেটের বাইরের ও কানাডিয়ান স্নোমোবাইলারদের জন্য বিনামূল্যের স্নোমোবাইল সপ্তাহান্ত ঘোষণা করেছেন। প্রচারণামূলক সপ্তাহান্ত চলাকালীন, স্টেটের বাইরের যথাযথভাবে নিবন্ধন ও বীমাকৃত আগ্রহী যেসব স্নোমোবাইলার নিউ ইয়র্কের 10,400 মাইল-বিশিষ্ট স্নোমোবাইল ট্রেইল রাইড করতে চান তাদের জন্য নিউ ইয়র্কের নিবন্ধন মওকুফ করা হয়েছে।

"চারটি মৌসুমের সবকটিতেই নিউ ইয়র্কের প্রাকৃতি সৌন্দর্য অনন্য। আমাদের অনন্যসাধারণ শীতকালীন ভূদৃশ্য উপভোগ করতে স্নোমোবাইলারদের জন্য রয়েছে ব্যাপক আকারের বিনোদন ট্রেইল সিস্টেম", **গভর্নর কুওমো বলেছেন।** "ট্রেইলগুলো ভালো অবস্থায় রাখতে এবং বিনামূল্যের স্নোমোবাইল সপ্তাহান্তের জন্য আরও বিশ পর্যটককে আমাদের স্টেটে ভ্রমণে উৎসাহিত করতে অর্থায়নের মাধ্যমে আমরা আপস্টেট পর্যটন অর্থনীতির বিকাশ এবং ভবিষৎ প্রজন্মের জন্য আউটডোর ট্রেইল ঠিক রাখায় সহায়তা করছি।"

এই শীতে স্নোমোবাইল ট্রেইল মেরামতের জন্য নিউ ইয়র্কের স্থানীয় কমিউনিটিগুলোকে নিউ ইয়র্ক স্টেট 4.2 মিলিয়ন মার্কিন ডলার দিচ্ছে। স্নোমোবাইলারগণ যাতে নিরাপদে তাদের রাইড উপভোগ করতে পারেন সেজন্য এই ট্রেইল অনুদান স্টেট জুড়ে নির্ধারিত 10,400 মাইল ট্রেইলকে সহায়তা করা হবে। স্থানীয় অনুদান কর্মসূচিটি স্টেট ডিপার্টমেন্ট অব মোটর ভিকল (State Department of Motor Vehicles)-কর্তৃক সংগৃহীত স্নোমোবাইল নিবন্ধন ফি থেকে অর্থায়িত, উল্লেখ্য এসব ফি স্নোমোবাইল ট্রেইল ডেভেলপমেন্ট এন্ড মেইনটেনেন্স ফান্ড (Snowmobile Trail Development and Maintenance Fund)-এ জমা হয়। কাউন্টি ও পৌর সরকারগুলো এসব অনুদান স্টেটের প্রায় 230টি স্নোমোবাইল ক্লাবকে বিতরণ করে, যারা ট্রেইলগুলো পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করে।

নিম্নে কাউন্টি-ভিত্তিক প্রদত্ত টাকার হিসেব প্রদান করা হলো:

ক্যাপিটাল রিজিয়ন

Albany	$12,984
Greene	$3,312
Rensselaer	$40,452
Saratoga	$56,784
Schenectady	$6,684
Warren	$69,240
Washington	$110,520
মোট	**$299,976**

সেন্ট্রাল নিউ ইয়র্ক

Cortland	$96,252
Madison	$148,860
Onondaga	$93,240
Oswego	$229,464
Cayuga	$107,196
মোট	**$675,012**

ফিঙ্গার লেকস

Genesee	$72,576
Livingston	$18,144
Monroe	$37,584
Ontario	$31,032
Orleans	$42,336
Seneca	$7,896
Wayne	$64,512
Wyoming	$146,376
মোট	**$420,456**

মিড-হাডসন ভ্যালি

Delaware	$103,200
মোট	**$103,200**

মোহক ভ্যালি

Fulton	$61,932
Herkimer	$191,592
Montgomery	$65,052
Oneida	$281,376
Otsego	$121,668
Schoharie	$66,696
মোট	**$788,316**

নর্থ কান্ট্রি

Clinton	$102,060

Essex	$50,232
Franklin	$81,864
Hamilton	$175,536
Jefferson	$69,612
Lewis	$283,920
St. Lawrence	$192,816
মোট	**$956,040**

সাউদার্ন টিয়ার

Broome	$38,976
Chenango	$105,852
Schuyler	$24,588
Steuben	$42,084
Tioga	$52,512
Tompkins	$32,352
মোট	**$296,364**

পশ্চিম নিউ ইয়র্ক

Allegany	$111,348
Cattaraugus	$153,204
Chautauqua	$229,176
Erie	$186,096
Niagara	$21,840
মোট	**$701,664**

ডিপার্টমেন্ট অব এনভায়রনমনেটাল কনজারভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার বেসিল সেগোস বলেন, "নিউ ইয়র্ক-এর প্রিস্টাইন ট্রেইল স্থানীয় অধিবাসী ও পর্যটকদের চমৎকার স্নোমোবাইল অভিজ্ঞতা প্রদান করে। স্টেট জুড়ে রাইডের সময়, স্নোমোবাইলারগণ বিভিন্ন ধরনের ট্রেইলের অভিজ্ঞতা পাবেন। নিউ ইয়র্ক-এর স্নোমোবাইল ট্রেইলে গভর্নর কুওমো'র বিনিয়োগ কেবল স্থানীয় ট্রেইল ব্যবহারকারীদেরই উপকৃত করবে না, বরং এসব এলাকায় আরও বেশি সংখ্যক পর্যটককে আকৃষ্ট করবে। আসন্ন বিনামূল্যের স্নোমোবাইল সপ্তাহান্তটি সবার জন্য অনন্যসাধারণ ট্রেইলগুলো পরিদর্শন এবং নিউ ইয়র্ক-এর প্রাকৃতিক সৌন্দর্য উপভোগের দারুণ একটি সুযোগ তৈরি করবে।"

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার রোজ হার্ভে বলেন,"গভর্নর কুওমো'র নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট আরও বেশি সংখ্যক বহিরাগত আগ্রহী শীতকালীন পর্যটককে এম্পায়ার স্টেট (Empire State) পরিভ্রমণের সুযোগ করে দিচ্ছে। এসব অনুদান ট্রেইল সিস্টেম-কে স্থানীয় অধিবাসীদের জন্য ও শীতকালটা নিউ ইয়র্ক-এ কাটাতে চাওয়া পর্যটকদের জন্য নিরাপদ ও পারিপাটি রাখবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "আমাদের অনন্য স্নোমোবাইল ট্রেইল অভিজ্ঞতা লাভে

নিউ ইয়র্ক স্টেট ভ্রমণ পরিকল্পনা করার সময়, আমি সবাইকে একটু বেশি সময় এখানে থাকতে উৎসাহিত করবো যাতে তারা আমাদের স্থানীয় সুযোগ-সুবিধা এবং বিশ্বসেরা আকর্ষণীয় স্থানগুলো ঘুরে দেখতে পারেন, পাশাপাশি আমাদের অনন্য খাবার ও পানীয় পরখ করে নিতে পারেন।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব মোটর ভিকল (Department of Motor Vehicles, DMV)-এর নির্বাহী উপ-কমিশনার টেরি ইগ্যান বলেন, "নিউ ইয়র্ক স্টেট-এ কেবল প্রাকৃতিক সৌন্দর্য পরিবেষ্টিত দারুণসব স্নোমোবাইল ট্রেইলই নেই, ডিএমভি (DMV)-তে আমরা স্টেটের এবং স্টেটের বাইরের আগ্রহীদের নিবন্ধন প্রক্রিয়া সহজে ও দ্রুততার সাথে সম্পন্ন করি। অনলাইনে কেবল কয়েকটি ক্লিকেই, রাইডারগণ ট্রেইলে নেমে পড়তে পারবেন। আপনি স্লেডিং, স্কিয়িং যাই করেন বা নিউ ইয়র্কের অন্যান্য শীতকালীন যে সুবিধাই উপভোগ করে, আমাদের পরামর্শ হচ্ছে আপনারা দায়িত্বশীল আচরণ করুন।"

নিউ ইয়র্ক স্টেট স্নোমোবাইল এসোসিয়েশন (New York State Snowmobile Association)-এর নির্বাহী পরিচালক ডোমিনিক জ্যাকাংগেলো বলেন, "শীতকালীন পর্যটন অর্থনীতির অংশ হিসেবে স্নোমোবাইলিং প্রসার করায় গভর্নরকে ধন্যবাদ। যারা নিউ ইয়র্ক ট্রেইল চড়তে আসেন তারা আমাদের স্টেটের রাইডিং বৈচিত্র্য দেখে খুশী হবেন। যারা একবার এখানে আসবেন তারা বারবার ফিরে আসতে চাইবেন যা স্থানীয় অর্থনীতিতে অবদান রাখবে। আপনি যেখানেই রাইড করেন, সেখানকার কোনো ক্লাবে যোগ দিতে ভুলবেন না এবং সুযোগ থাকলেই স্বেচ্ছাসেবক হোন!"

তুষারপাতের পরিমাণ ও অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে ট্রেইলের অবস্থা ভিন্ন হতে পারে। ট্রেইলের অবস্থা ও রক্ষণাবেক্ষণের আপডেট জানতে স্থানীয় স্নোমোবাইল ক্লাবগুলোর ওয়েবসাইটে চোখ রাখুন। নিউ ইয়র্ক স্টেট স্নোমোবাইল এসোসিয়েশন (New York State Snowmobile Association)-এর ওয়েবসাইট -এ স্নোমোবাইল ও স্নোমোবাইল ক্লাব সম্পর্কে তথ্য রয়েছে। স্টেট স্নোমোবাইল ট্রেইল নেটওয়ার্ক-এর মানচিত্র নিউ ইয়র্ক স্টেট পার্কস (New York State Parks)-এর ওয়েবসাইটে এখানে পাওয়া যাবে।

ডিএমভি (DMV) নিউ ইয়র্ক-এর রাইডারদের স্মরণ করিয়ে দিচ্ছে যে স্নোমোবাইল নিবন্ধন অবশ্যই বাৎসরিক নবায়ন করতে হবে। ডিএমভি (DMV) স্নোমোবাইলারদেরকে ডিএমভি ওয়েবসাইট-এ অনলাইনে, ডাকযোগে অথবা সরাসরি ডিএমভি অফিস-এ তাদের নিবন্ধন নবায়নের সুযোগ দিচ্ছে। স্নোমোবাইল নিবন্ধন ফিস 100 ডলার, কিন্তু স্নোমোবাইলার যদি স্থানীয় কোনো ক্লাবের সদস্য হন, তাহলে এটি 45 মার্কিন ডলারে নেমে আসতে পারে। বিনামূল্যের স্নোমোবাইল সপ্তাহান্তে অংশগ্রহণকারীগণকে অবশ্যই সঠিকভাবে তাদের নিজস্ব স্টেট/কানাডার প্রদেশে নিবন্ধিত হতে হবে এবং তাদের নিজস্ব স্টেট/ প্রদেশের বাধ্যবাধকতা অনুযায়ী প্রযোজ্য বীমা সুবিধা থাকতে হবে। নিউ ইয়র্কের বাইরের অধিবাসী যারা এই প্রচার সপ্তাহান্তের আগে বা পরে নিউ ইয়র্ক স্টেটের স্নোমোবাইল ব্যবহার করতে চান তারা 15-দিনের নিবন্ধন পেতে ও তাদের স্নোমোবাইলতৎক্ষণাৎ রাইড করতে স্টেটের বাইরের স্নোমোবাইল রাইডারদের জন্য এনওয়াইএস নিবন্ধন (NYS Registration for Out-of-State Snowmobile) ব্যবহার করতে পারবেন। ডিএমভি ডাকযোগে একটি স্থায়ী নিবন্ধন পাঠিয়ে দিবে।

শীতকালীন ভ্রমণ স্টেটের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়তা করে চলছে এবং গত বছর দর্শনার্থীদের ব্যয় থেকে 13.5 বিলিয়ন মার্কিন ডলার রাজস্ব আয় হয়েছে। নিউ ইয়র্ক স্টেট-এর শীতকালীন পর্যটন সংক্রান্ত আরও তথ্য www.iloveny.com/winter ওয়েব সাইটে এবং I LOVE NEW YORK নামক বিনামূল্যের মোবাইল অ্যাপটিতে পাওয়া যাবে যা iTunes ও Google Play অ্যাপ স্টোর থেকে অথবা www.iloveny.com/mobile ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

2011 সালে পটসড্যাম স্টেট ইউনিভার্সিটি (State University at Potsdam)-এর এক গবেষণায় দেখা যায় যে স্টেটের স্নোমোবাইল কমিউনিটির প্রায় 868 মিলিয়ন মার্কিন ডলারের মৌসুমী অর্থনৈতিক প্রভাব রয়েছে। নিউ ইয়র্ক স্টেট 45 কাউন্টি জুড়ে, যারা 200টিরও বেশি ক্লাব চালায় এবং 51 পৌর স্পন্সরের সাহায্যে চলে, স্টেটব্যাপী স্নোমোবাইল ট্রেইল সিস্টেম (Statewide Snowmobile Trail System)-এর মাধ্যমে স্নোমোবাইল রাইডকে সহায়তা করে। স্নোমোবাইল সংক্রান্ত আরও তথ্যের জন্য, parks.ny.gov সাইটটি পরিদর্শন করুন। স্টেট ল্যান্ডস-এ স্নোমোবাইল সংক্রান্ত আরও তথ্যের জন্য এখানে ডিইসি (DEC) ওবেবসাইটটি পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন